“জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন” শীর্ষক

সমাপ্ত প্রকল্পের প্রভাব মূল্যায়ন সমীক্ষার

জন্য পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (Terms of References)

সমন্বয় ও এমআইএস সেক্টর

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

শের-ই-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রমের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

১।	প্রকল্পের নাম	:	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন (১ম সংশোধিত)		
২।	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	:	বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়		
৩।	বাস্তবায়নকারী সংস্থা	:	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর		
৪।	প্রকল্পের অবস্থান	:	বিভাগ	জেলা	পৌরসভা
			ঢাকা	ঢাকা	শেরে বাংলা নগর

৫।	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	:	**মূল**	**১ম সংশোধিত**	**১ম আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি**
	(ক) মোট	:	৯৯৪৯.৮৬	২২৯৮৮.৫৩	২২৯৮৮.৫৩
	(খ) জিওবি	:	৯৯৪৯.৮৬	২২৯৮৮.৫৩	২২৯৮৮.৫৩
	(গ) প্রকল্প সাহায্য	:	-	-	-
	(ঘ) অন্যান্য	:	-	-	-

৬।	বাস্তবায়ন মেয়াদ	:	**মূল**	**১ম সংশোধিত**	**১ম আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয় ও ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি**
	(ক) শুরুর তারিখ	:	০১ জানুয়ারি, ২০১৪	০১ জানুয়ারি, ২০১৪	০১ জানুয়ারি, ২০১৪
	(খ) সমাপ্তির তারিখ	:	৩০ জুন, ২০১৬	৩০ জুন, ২০১৮	৩০ জুন, ২০১৯

৭। প্রকল্পের প্রধান অঙ্গ/কার্যক্রমসমূহ:

- জমি অধিগ্রহণ;
- ভবন নির্মাণ;
- যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সংগ্রহ;
- আসবাবপত্র সংগ্রহ।

৮। প্রকল্পের উদ্দেশ্য:

- একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা প্রদানের মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি কার্যক্রম প্রচার;
- বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত একাডেমি, সমিতি, ক্লাব এবং বিজ্ঞান সম্পর্কিত অন্যান্য সংস্থাগুলির জন্য একটি স্থায়ী প্ল্যাটফর্ম প্রতিষ্ঠা করা এবং তাদের একই প্ল্যাটফর্মে আনা;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, বিজ্ঞান অলিম্পিয়ার্ড এবং অনুরূপ অন্যান্য কার্যক্রম আয়োজনের জন্য একটি স্থায়ী অবকাঠামোগত সুবিধা তৈরি করা;
- জাতীয় ও আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার, কর্মশালা, সিম্পোজিয়াম এবং অন্যান্য বিজ্ঞান সম্পর্কিত সভা আয়োজনের জন্য উপযুক্ত সুবিধা প্রদান করা।

৯। প্রকল্পটির প্রভাব মূল্যায়ন সমীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব নিম্নরূপ:

৯.১ প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ ডিপিপি ও লগ ফ্রেমের আলোকে Output, outcome ও impact পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৫ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি (পণ্য, অবকাঠামো ও সেবা) পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/ TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৭ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের ফলে প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অনুযায়ী কি পরিবর্তন হয়েছে তা বিভিন্ন জাতীয়/স্থানীয় তথ্যে (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বেজলাইন সার্ভের (যদি থাকে) আলোকে তুলনামূলক পর্যালোচনা করা;

৯.৮ প্রকল্পের BCR ও IRR অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.৯ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) হয়েছে কিনা সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯.১০ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম, বাস্তবায়ন পদ্ধতি, সৃষ্ট সুবিধাদি, সৃষ্ট সুবিধাদি টেকসই বিষয়ক ও সৃষ্ট সুবিধাদি পরিচালনা ইত্যাদির SWOT Analysis;

৯.১১ প্রকল্প কার্যক্রমের উপর কেস স্টাডি উল্লেখ করা;

৯.১২ প্রকল্পের অডিট কার্যক্রম পর্যালোচনা ও পর্যবেক্ষণ (ইন্টারনাল অডিট, এক্সটারনাল অডিট, অডিট আপত্তি সংক্রান্ত যেমন: কতটি অডিট ও কত টাকার ইত্যাদি);

৯.১৩ উল্লিখিত পর্যালোচনার ভিত্তিতে সার্বিক পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৯.১৪ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদন উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজি ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

৯.১৫ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

১০। প্রভাব মূল্যায়ন সমীক্ষা কাজের জন্য পেশাগত যোগ্যতা:

ক্রঃ নং	পদের ধরন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান	-	সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের কাজের অভিজ্ঞতা।
২.	পরামর্শক প্রতিষ্ঠানের প্রফেশনাল		
(১)	টিম লিডার	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি। তবে স্নাতকোত্তর, পিএইচডি ও উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	• বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট গবেষণায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • প্রভাব মূল্যায়ন কাজে ০৩ বছরের অভিজ্ঞতা; • টিম লিডার হিসেবে পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে অন্তত ০১টি গবেষণা; • ভবন, অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ কাজে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা; • সরকারি ক্রয় কাজের প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং সরকারি ক্রয় সম্পর্কিত বিদ্যমান আইন ও বিধি (পিপিএ-২০০৬ এবং বিপিআর-২০০৮) সম্যক ধারণা; • কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
(২)	মিড লেভেল ইঞ্জিনিয়ার	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল যে	• ভবন, অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ কাজ সংশ্লিষ্ট ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল

	(ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল)	কোন বিষয়ে ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি। তবে স্নাতকোত্তর ও উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার প্রদান করা হবে।	ইঞ্জিনিয়ারিং কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা ● পরিবীক্ষণ ও মূল্যায়ন কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা
(৩)	আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অর্থনীতি/ সমাজবিজ্ঞান/ সমাজকর্ম/ সমাজকল্যাণ/ ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	● আর্থ-সামাজিক গবেষণা এবং আর্থ-সামাজিক উন্নয়নে বিজ্ঞান-প্রযুক্তির ভূমিকা আছে এরূপ গবেষণা সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা। ● প্রভাব মূল্যায়ন/ নিবিড় পরিবীক্ষণ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
(৪)	পরিসংখ্যানবিদ	যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।	● সমীক্ষা/ গবেষণা কার্যক্রম পরিচালনা, তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম এবং বিশ্লেষণে কমপক্ষে ০৩ (তিন) বছরের ব্যবহারিক অভিজ্ঞতা; ● SPSS সহ অন্যান্য Statistical Software পরিচালনায় দক্ষতা; এবং ● কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।
বি:দ্র: আইএমইডি'র ২০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের ০৫ নং পরিপত্রের ৫.৩-এর নির্দেশনা অনুযায়ী সমীক্ষায় নিয়োজিতব্য পরামর্শক/ পরামর্শক দলের সদস্যদের বুদ্ধিবৃত্তিক, শারীরিক ও মানসিকভাবে কাজ সম্পাদনের উপযুক্ত হতে হবে।			

১১। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

নং	প্রতিবেদনের নাম	**সংখ্যা/কপি**	**ভাষা**	**সময়**
ক।	প্রারম্ভিক প্রতিবেদন (ইনসেপশন রিপোর্ট) (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভার জন্য	২০×২=৪০ কপি	**বাংলা**	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
খ।	১ম খসড়া প্রতিবেদন (টেকনিক্যাল/স্টিয়ারিং) সভার জন্য	২০×২=৪০ কপি	**বাংলা**	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
গ।	২য় খসড়া প্রতিবেদন (ডিসেমিনেশন কর্মশালার)	১২০ কপি	**বাংলা**	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
ঘ।	চূড়ান্ত খসড়া প্রতিবেদন টেকনিক্যাল সভার জন্য	২০×১=২০ কপি	**বাংলা ও ইংরেজি**	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে
ঙ।	চূড়ান্ত প্রতিবেদন	(বাংলা ৪০ ও ইংরেজি ২০)	**বাংলা ও ইংরেজি**	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

- **সকল প্রতিবেদন অতিরিক্ত সচিব (প্রশাসন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Unicode Based Font হতে হবে। মুদ্রণ ব্যয় পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নির্বাহ করতে হবে।**

১২। **<u>ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক প্রদেয় সেবা:</u>**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পিসিআর/মূল্যায়ন প্রতিবেদন); এবং
- সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প কার্যালয় ও বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।